

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ ৪:১৫৬

া আরবি মূল আয়াত:

وَّ بِكُفرِهِم وَ قُولِهِم عَلَى مَريَمَ بُهتَانًا عَظِيمًا ﴿١٥٨﴾

আর তাদের কুফরীর কারণে এবং মারইয়ামের বিরুদ্ধে মারাত্মক অপবাদ দেয়ার কারণে। — আল-বায়ান (তাদের প্রতি আল্লাহর অসন্তোষ নেমে এসেছে) তাদের কুফরীর জন্য আর মারইয়ামের প্রতি তাদের গুরুতর অপবাদপূর্ণ কথা উচ্চারণের জন্য। — তাইসিরুল

এবং তাদের কুফরী ও মারইয়ামের প্রতি তাদের ভয়ানক অপবাদের জন্য। — মুজিবুর রহমান

And [We cursed them] for their disbelief and their saying against Mary a great slander, — Sahih International

১৫৬. আর তাদের কুফরীর জন্য এবং মারইয়ামের বিরুদ্ধে গুরুতর অপবাদের জন্য।(১)

(১) মারইয়ামের উপর চাপানো তাদের গুরুতর অপবাদ কি ছিল তা এখানে বর্ণনা করা হয় নি। অন্যত্র এসেছে যে, তারা মারইয়ামকে ব্যভিচারের অপবাদ দিতে ত্রুটি করে নি। আল্লাহ বলেন, "তারপর সে সন্তানকে নিয়ে তার সম্প্রদায়ের কাছে উপস্থিত হল; তারা বলল, 'হে মারইয়াম! তুমি তো এক অদ্ভুত জিনিস নিয়ে এসেছ'। [সূরা মারইয়াম: ২৭] এখানে অঘটন বলতে তারা ব্যভিচারের দিকেই অঙ্গুলি নির্দেশ করছিল। কারণ পরবর্তী আয়াতে মারইয়ামের বাবা খারাপ লোক না হওয়া এবং মা-ও বেশ্যা না হওয়া বলার মাধ্যমে সেটা স্পষ্ট বোঝা যাচছে। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(১৫৬) এবং তারা তাদের অবিশ্বাসের জন্য ও মারয়্যামের প্রতি জঘন্য অপবাদ আরোপ করার জন্য (অভিশপ্ত হয়েছিল)। [1]

[1] এই আয়াতের লক্ষার্থ হল, ইউসুফ নাজ্জার (যোসেফ) নামক একজন লোকের সঙ্গে মারয়াম ('আলাইহাস্ সালাম)-এর ব্যভিচারের যে মিথ্যা অপবাদ আরোপ করা হয়েছিল তার খন্ডন। আজও কিছু তথাকথিত তত্ত্বানুসন্ধানী এই মন্তবড় মিথ্যা অপবাদকে একটি 'প্রামাণ্য সত্য' বলে বিশ্বাস করে এবং ইউসুফ নাজ্জারকে ঈসা (আঃ)-এর পিতা প্রমাণ করার অপচেষ্টা করে। (نَعُوْنُبالله) এমনকি তারা ঈসা (আঃ)-এর অলৌকিক জন্মকেও অস্বীকার করে।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=649

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন